

কোস্ট ফাউন্ডেশন দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং কর্মসূচির টেকশই উন্নয়ন লক্ষ্যমাত্রার ২ নম্বর অর্জনে সরকারের ঐকান্তিক প্রচেষ্টা সফল করতে কার্যকর ভূমিকা পালন করে এ স্কুল ফিডিং প্রকল্প। অল্প বয়সী শিক্ষার্থীদের বিদ্যালয়ে অবস্থান কালে ক্ষুধা নিবৃত্তি ও তাদের বাড়ন্ত শরীরে পুষ্টির যোগান দেয়ার পাশাপাশি সার্বজনীন শিক্ষা অর্জন, লিজা বৈষম্য কমানো, ছাত্রছাত্রীদের পাঠে মনোযোগ বৃদ্ধিকরণ, ভর্তির হার বৃদ্ধিকরণ, ছাত্রছাত্রীদের নিয়মিত উপস্থিতি হার বৃদ্ধিকরণ, প্রাথমিক শিক্ষা চক্র সমাপ্তির হার বৃদ্ধিকরণ।

কিছু গভীরতম এক



পাঠে মনোযোগ বৃদ্ধি পাওয়ায় বাড়িতে নিয়মিত পড়া-লেখা করছেন শিক্ষার্থী মরিয়ম, ছবি-মোঃআলমগীর, ১৩ জুন ২০২১।

দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং কর্মসূচি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একটি মহতি প্রকল্প। এই প্রকল্পের সুনির্দিষ্ট কত গুলো লক্ষ্য রয়েছে। এই লক্ষ্য গুলো অর্জনের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কোস্ট ফাউন্ডেশনের মাধ্যমে রামগতি উপজেলায় স্কুল ফিডিং কর্মসূচি পরিচালনা করে আসছে। লক্ষ্য গুলোর মধ্যে শিক্ষার্থীদের পাঠে মনোযোগ বৃদ্ধি করা ছিল অন্যতম।

করোন ভাইরাসের কারণে বিদ্যালয় বন্ধ থাকায় শিক্ষার্থীদের বাড়ি বাড়ি পুষ্টিকর বিস্কুট বিতরণ করা হয়, কারণ বাড়িতে অবস্থান কালে কোন শিক্ষার্থী যেন পুষ্টিহীনতায় না ভোগে তার জন্য বিস্কুট বিতরণ অব্যাহত রয়েছে। পুষ্টিকর বিস্কুট খাওয়ার ফলে শিক্ষার্থীদের দৈনিক পুষ্টি চাহিদা পূরণ হবে, রোগ-প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি পাবে, মেধার বিকাশ ঘটাবে সক্ষম হবে এবং পাঠে মনোযোগ বৃদ্ধি পাবে।

আলেকজান্ডার মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির শিক্ষার্থী বিবি মরিয়ম বাড়িতে থেকে নিয়মিত পুষ্টিকর বিস্কুট খেয়ে তার পুষ্টি চাহিদা পূরণ হয়েছে, যার ফলে শিক্ষার্থীর মেধা বৃদ্ধি পেয়েছে এবং নিয়মিত পড়ার টেবিলে পাঠে মনোযোগ বৃদ্ধি পেয়েছে।

মাসিক কাজের বিবরণঃ-

ক্রমিক নং	কাজের ধরন	টার্গেট	অর্জন	মন্তব্য
০১	বিস্কুট বিতরণ	২৭৭৭০	২৭৭৭০	
০২	স্কুল ভিজিট	৯৭	০০	করোনা কালীন বন্ধ
০৩	মা সমাবেশ	০৬	০০	„
০৪	এসএমসিসভা	০৬	০০	„

কিছু গভীরতম এক

বিশ্বব্যাপী মহামারী নোভেল করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণ রোধে বাংলাদেশ সরকার সকল প্রকার শিক্ষা প্রতিষ্ঠান ১৮ মার্চ, ২০২০ইং থেকে অনির্দিষ্টকালীন বন্ধ ঘোষণা করেন। এ সময়ে ছাত্রছাত্রীরা স্কুলে আসতে না পারায় কাজিত পুষ্টি থেকে বঞ্চিত হচ্ছে তাই ছাত্রছাত্রীদের পুষ্টি চাহিদা বিবেচনা করে মে ২০২১ মাসের উচ্চ পুষ্টিমান সম্পন্ন বিস্কুট প্রত্যেক ছাত্র-ছাত্রীদের বাড়ীতে পৌঁছানোর জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সিদ্ধান্ত গ্রহণ করেন।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক দেওয়া চিঠি ও নির্দেশনা অনুযায়ী, কোস্ট স্কুল ফিডিং কর্মসূচি অফিস বিস্কুট বিতরণের জন্য বিস্কুট বিতরণ পরিকল্পনা তৈরি করে, বিস্কুট বিতরণ পরিকল্পনাটি উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা শিক্ষা অফিস কর্তৃক অনুমোদন নিয়ে এবং প্রধান শিক্ষকদের সাথে আলোচনা করে কোস্ট ফাউন্ডেশনের কর্মীগণ এ উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে কাজ শুরু করেন।

কোস্ট কর্মীগণ নিজ নিজ কর্ম এলাকায় বিদ্যালয় সমূহের শিক্ষক ক্যাচমেন্ট এরিয়া অনুযায়ী শিক্ষার্থীদের বাড়ীতে স্বাস্থ্যবিধি মেনে প্রত্যেক ছাত্রছাত্রীর হাতে ২৭ প্যাকেট করে বিস্কুট পৌঁছে দেন। বিস্কুট হাতে পেয়ে ছাত্রছাত্রীরা অনেক খুশি হয়।



শিক্ষার্থীদের বাড়ি বাড়ি বিস্কুট বিতরণ করছেন মোঃ ফয়সাল। ছবি-সবুজ চন্দ্র, ১০ জুন ২০২১।

বিস্তারিত তথ্য ও যোগাযোগের জন্য :

কোস্ট ফাউন্ডেশন

স্কুল ফিডিং কর্মসূচি, প্রকল্প অফিস, সুজন গ্রাম, ওয়ার্ড নং-০২, চর সেকান্দার রামগতি পৌরসভা, রামগতি, লক্ষ্মীপুর।

০১৭১৩-১৪৪১৯৬

dilder.coast@gmail.com

www.coastbd.net